

বেঙ্গল সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতেও মাদকাসক্তি ছড়িয়ে পড়ছে আশঙ্কাজনক হারে

বিভিন্ন বার্তা পরিবেশক

ধর্মীয় ও সামাজিক নৃসিদ্ধিবিধ সৃষ্টিই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করতে পারে বলে মন্তব্য করেছেন খসড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সি. কে. মুস্তাক আহমেদ। তিনি বলেন, মাদক এখন আর অদিত্য-সৃষ্টিতে নয়, এলু এর বিক্রয় ঘটেছে হ্রস্ব সমাজে। অর্জিত শ্রেণীর নামকরণ বিভিন্ন বেঙ্গল সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে মাদকাসক্তি ছড়িয়ে পড়ছে আশঙ্কাজনক হারে।

গতকাল রাজধানীর কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও রিপাবলিক অফ কোরিয়া সূত্রিম প্রসিকিউটর অফিসের নারকোটিক ডিভিশনের যৌথ উদ্যোগে আয়োজিত 'যুবসমাজের জন্য মাদকবিরোধী সচেতনতামূলক অনুষ্ঠানে' প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মুস্তাক আহমেদ বলেন, আন্তর্জাতিক বাজারের তুলনায় বাংলাদেশের বাজারে মাদকের মূল্য অনেকাংশে কম হওয়ায় এর ব্যাপকতা অনেক বেড়ে গেছে। বিশেষ করে বেঙ্গল সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে এর প্রভাব বেশি। বিশিষ্ট ব্যক্তি বা অন্যান্য মাদক গ্রহণের অনুকরণে শিক্ষার্থীরা তথা যুবসমাজে মাদকাসক্তি হয়ে পড়ছে। তিনি বলেন, বেঙ্গল সরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ইয়াবার মতো মরণ বৈশ্য আটকে যাচ্ছে। মাদক পারিবারিক,

নামাজিক ও রাষ্ট্রীয় সমস্যা উদ্ভব করে তিনি বলেন, মাদক নিয়ন্ত্রণে নামাজিক আন্দোলন গড়ে তোলা এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনামূলক অনুষ্ঠান বাড়াতে। তিনি আরও বলেন, মাদক গ্রহণের ফলে যুস্মা, হেপাটাইটিস-বি, এইডসসহ নানা ধরনের জটিল রোগের সৃষ্টি করে। সরকারিভাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকের ব্যাপকতা কমাতে কাজ করে যাচ্ছে। মাদকের অপব্যবহার রোধে সরকারের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেন। মানিঅ'র মহাপরিচালক মোহাম্মদ ইকবাল বলেন, মাদক স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সমস্যা। পৃথিবীর কেউ এককভাবে মাদক নিয়ন্ত্রণ করতে পারবে না। মাদককে নির্মূল করতে নারসদেশে তাদের ১০৯টি সার্কেল কাজ করছে।

অনুষ্ঠানে রিপাবলিক অফ কোরিয়া সূত্রিম প্রসিকিউটর অফিসের নারকোটিক ডিভিশনের পরিচালক টিউস হি লি, সংস্থার বাংলাদেশ মিশনের উপ-প্রধান কিম হিয়ন লু বক্তব্য রাখেন। সুস্থ থাকুন, মাদকমুক্ত সমাজ গড়ুন স্লোগান নিয়ে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মানিঅ'র পরিচালক মুজিবুর রহমান। অনুষ্ঠান শেষে মাদকের ব্যবহার নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধিতে কোরিয়া সরকারের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে দুটি হুন্দাই মাইক্রোসবাস, ৩০টি ল্যাপটপ ও ৩০টি মাল্টিমিডিয়া প্রজেক্টর তুলে দেন।